

আরবিআই/2013-14/381

ডিবিওডি.নং.ডিআইআর.বিসি.67/13.10.00/2013-14

নভেম্বর 26, 2013

সমস্ত তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ  
(আরআরবিগুলি ব্যতীত)

প্রিয় মহাশয়/মহাশয়া

### এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুল

অনুগ্রহ করে 'গ্রাহক পরিষেবা -এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুল'-এর উপরে অক্টোবর 29, 2013 তারিখে ঘোষিত মুদ্রা-নীতি বিবরণ 2013-14-এর (সারাংশ সংযোজিত) দ্বিতীয় ত্রৈমাসিক সমীক্ষার অনুল্লেখ 37 দেখুন।

2.এই সূত্রে, আমাদের ফেব্রুয়ারি 2,2007 তারিখের সার্কুলার ডিবিওডি.নং.ডিআইআর.বিসি.56/13.03.00/2006-2007 তে 'ব্যাঙ্ক মাসুলের যৌক্তিকতা সুনিশ্চিত করার জন্য একটি প্রকল্প সূত্রবদ্ধ করতে পরিচালন গোষ্ঠীর প্রতিবেদন' বিষয়ে প্রসঙ্গটির প্রতি দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে যার সাহায্যে ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক এই উদ্দেশ্য গঠিত পরিচালন গোষ্ঠী দ্বারা নির্ধারিত মোটামুটি একটি মাপকাঠির উপর ভিত্তি করে মূল ব্যাঙ্কিং পরিষেবাগুলিকে চিহ্নিত করতে এবং নীতিগুলি গ্রহণ/অনুসরণ করে মূল ব্যাঙ্কিং পরিষেবাগুলির জন্য পরিষেবা মাসুল স্থির করার যৌক্তিকতা এবং তা জানিয়ে দেওয়া সুনিশ্চিত করতে।

3. ফেব্রুয়ারি 18, 2009 তারিখের সার্কুলার আরবিআই/ডিপিএসএস নং.1501/02.14.003/2008-2009 এবং মার্চ 29,2011 তারিখের সার্কুলার ডিপিএসএস.সিও.পিডি.2224/02.14.003/2010-2011 অনুসারে ব্যাঙ্কগুলিকে, বিভিন্ন খাতে কার্ড ব্যবহার করে করা, টাকার পরিমাণ যাই হোক, সব ধরনের লেনদেনের জন্য একটি অনলাইন সতর্কতা জারি করার পদ্ধতি উপস্থাপিত করতে হবে। তদনুসারে, ব্যাঙ্কগুলি যাতে জালিয়াতি কমাতে গ্রাহকদের সাহায্য করা যায় সেজন্য এসএমএস দ্বারা সতর্কতা জারি করার একটি ব্যবস্থা চালু করেছে এবং বিভিন্ন শ্রেণীর গ্রাহকদের একই হারে পরিষেবা মাসুল ধার্য করেছে।

4.ব্যাঙ্কের এবং টেলিকম পরিষেবা প্রদানকারীদের আয়ত্রে যে প্রযুক্তি আছে তার দ্বারা এটা খুবই সম্ভব, প্রকৃত এসএমএস ব্যবহারের ওপর ভিত্তি করে গ্রাহকদের ওপর মাসুল ধার্য করা। তদনুসারে, গ্রাহকদের এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুলের যৌক্তিকতা এবং সমতা নিশ্চিত করার উদ্দেশ্যে, ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে তাদের এবং টেলিকম পরিষেবা সরবরাহকারীদের কাছে যা প্রযুক্তি আছে তার সাহায্য নিয়ে প্রকৃত ব্যবহারের ভিত্তিতে সব গ্রাহকদের ওপর উক্ত মাসুল ধার্য করা নিশ্চিত করতে।

আপনার বিশ্বস্ত,

(রাজেশ ভার্মা)  
মুখ্য মহাপ্রবন্ধক

সংযোজনী: উপরের বর্ণনা মতো

### মুদ্রা নীতি 2013-14-এর দ্বিতীয় ত্রৈমাসিক সমীক্ষার সারসংক্ষেপ

#### গ্রাহক পরিষেবা - এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুল

37. গ্রাহকদের এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুলের যৌক্তিকতা এবং সমতা নিশ্চিত করার উদ্দেশ্যে, ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে তাদের এবং টেলিকম পরিষেবা সরবরাহকারীদের কাছে যে প্রযুক্তি আছে তার সাহায্য নিয়ে প্রকৃত ব্যবহারের ভিত্তিতে সব গ্রাহকদের ওপর উক্ত মাসুল ধার্য করা নিশ্চিত করতে।